

বঙ্গভবন ২৪ আগস্ট ২০২২:

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আজ কিশোরগঞ্জের মিঠামইনে নির্মাণাধীন সেনানিবাস সহ বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড পরিদর্শন করেন।

দুপুরে মিঠামইনে নির্মাণাধীন সেনানিবাস এলাকা পরিদর্শনে যান রাষ্ট্রপতি। সেনানিবাস এলাকায় পৌঁছুলে সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার ইন চীফ মেজর জেনারেল মোঃ জুবাযের সালেহীন রাষ্ট্রপতিকে স্বাগত জানান।

এসময় সেনানিবাসের কাজের অগ্রগতি সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করা হয়।

স্থানীয় সংসদ সদস্য রেজওয়ান আহমেদ তৌফিক, মোঃ আফজাল হোসেন, রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বডুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহউদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খানসহ পদস্থ সামরিক কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

পরে, রাষ্ট্রপতি সেনানিবাস এলাকায় একটি গাছের চারা রোপন করেন।

এর আগে রাষ্ট্রপতি আবদুল হামিদ ফাউন্ডেশন ভবনের নির্মাণ কাজের অগ্রগতি ঘুরে দেখেন রাষ্ট্রপতি।

ইটনায় রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ উপজেলা পরিষদের নবনির্মিত প্রশাসনিক ভবন ও হল রুমের উদ্বোধন করেন।

পরে, রাষ্ট্রপতি ইটনায় রাষ্ট্রপতি আবদুল হামিদ সরকারি কলেজ বন্যা আশ্রয় কেন্দ্র এবং ফাস্ট লেডি রাশিদা হামিদ ছাত্রী নিবাসের উদ্বোধন করেন।

প্রায় সাড়ে তিন কোটি টাকা ব্যয়ে তিনতলা বিশিষ্ট এ আশ্রয় কেন্দ্র এবং এক কোটি দশ লাখ টাকা ব্যয় ছাত্রী নিবাস নির্মাণ করা হয়।